কাঁধে কাঁধ মিলিয়ে ঐক্যবদ্ধভাবে এই দুর্যোগের মোকাবেলা করতে হবে

মেহেরপুর জেলা সুজন ও দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া অফিসের যৌথ উদ্দ্যোগে বন্যার্তদের পাশে দাঁড়ানোর আহ্বানে পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার দুপুরে গাংনী উপজেলা চত্বর থেকে শোভাযাত্রাটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বাজার বাসস্ট্যান্ডে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সুশানের জন্য নাগরিক (সুজন) এর মেহেরপুর জেলা সাধারণ সম্পাদক সৈয়দ জাকির হোসেনের নেতৃত্বে ও গাংনী উপজেলা সুজনের সম্পাদক এ এস এম সায়েম পল্টুর পরিচালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মোঃ মাহাবুব আলম, ষোলটাকা ইউনিয়ন সুজনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক, ধানখোলা ইউনিয়ন সুজনের সভাপতি রফিকুল ইসলাম, গাংনী উপজেলা জিজিএসের সভাপতি আব্দুর রব, মটমুড়া ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সম্পাদক নুরুজ্জামান, বামুন্দী ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সভাপতি সাইদুর রহমান, ইয়ূথ লিডার রাকিবুল ইসলাম রকি, দি হাঙ্গার প্রজেক্টের ইউনিয়ন সমন্বয়কারীবৃন্দ প্রমুখ।

এসময় সার্বিক সহযোগিতায় ছিলেন গাংনী উপজেলা হাঙ্গার প্রজেক্ট এর সমন্বয়কারী হেলাল উদ্দিন।

পদযাত্রা শেষে গাংনী বাজার কমিটি, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ও শ্রমিক ইউনিয়নের উদ্যোগে বাজারে অর্থ সংগ্রহকারীদের সঙ্গে একাত্ব ঘোষণা করা হয় এবং সকল শ্রেণী পেশার মানুষকে এ সংকটময় মুহূর্তে এগিয়ে আসার আহবান জানানো হয়।

অনুষ্ঠানে সুশাসনের জন্য নাগরিক প্লাফর্মের মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক সৈয়দ জাকির হোসেন বলেন, বন্যার্তদের সহযোগিতায় সকলকে এগিয়ে আসতে হবে। আজ বাঙালি জাতী এই সংকটময় মূহূর্তে ঐক্যবদ্ধ হয়েছোন। আমাদেরও এই সংকটময় মূহুর্তে ঐক্যবদ্ধতার পরিচয় দিতে হবে বন্যার্তদের পাশে দাঁড়িয়ে। সকলে একসাথে যেভাবে যেভাবে

প্রাকৃতিক দূর্যোগ সিডর,আইলাসহ বিভিন্ন দুর্যোগময় পরিস্থিতিকে মোকাবেলা করেছি। ঠিক সেভাবেই সকলে কাঁধে কাঁধ মিলিয়ে ঐক্যবদ্ধভাবে এই দুর্যোগের মোকাবেলা করতে হবে। আমাদের যার যা সামর্থ্য আছে তাই নিয়ে বন্যার্তদের পাশে দাঁড়াতে হবে।

কালীগঞ্জে ট্রাফিকের দায়িত্বে থাকা শিক্ষার্থীদের দুপুরের খাবার দিল ফারিয়া

ফার্মাসিটিক্যাল রিপ্রেজেন্টেটিভ এ্যাসেসিয়েশন (ফারিয়া) ঝিনাইদহের কালীগঞ্জে শাখার উদোগে শহরের মেইন বাসটার্মিনাল ট্রাফিক মোড়ে শিক্সার্থীদের মধ্যে দুপুরের খাবারের বিতরণ করেন। শিক্ষার্থী গত কয়েকদিন ধরে শহরের উপর দিয়ে চলাচলকারী যানবাহন নিয়ন্ত্রনে ট্রাফিকের কাজ করছে। ট্রাফিকের দ্বায়িত্ব পালন করা শিক্ষার্থীদের পাশে এসে দাড়িয়েছে স্থানীয় ব্যবসায়ী ও সামাজিক সংগঠন ও ব্যক্তি।

আজ শনিবার শহরের ট্রাফিকের দ্বায়িত্ব পালন করে ২৮ জন শিক্ষার্থী। এসব শিক্ষার্থীদের মধ্যে খাবার বিতরণ করেন ফারিয়া। উপস্থিত ছিলেন সংগটনের সভাপতি আশিকুর রহমান সোহাগ, সম্পাদক হুমায়ুন কবির ও সাংগঠনিক সম্পাদক বিকুজ্জামানসহ নেতৃবৃন্দ।

একই সময় শিক্ষার্থীদের মধ্যে পানিয় ও কমল পানি বিতরণ করেন আরটিভির জেলা প্রতিনিধি ও বিশিষ্ট ব্যবসায়ী শিপলু জামান।

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্দ্যগে সেমি-পাকা স্বাস্থ্যসম্মত ল্যাটিন স্থাপন

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্দ্যগে কালিদাসপুর ১৬টি পরিবারের মাঝে সেমি-পাকা স্বাস্থ্যসম্মত ল্যাটিন বিনামূল্য স্থাপন করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার, দর্শন্য পৌরসভার ৬নং ওয়ার্ডের কালিদাসপুর গ্রামের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী যাদের কোন স্যানিটেশন ব্যবস্থা নাই। এমন ১৬টি পরিবারের জন্য ১৬টি সেমি-পাকা স্বাস্থ্যসম্মত ল্যাটিন স্থাপন করে দেওয়া হয়েছে। তাদের পরিবারের ১ (এক) জনকে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবহার ও রক্ষনাবেক্ষনের উপর এক দিনের ওরিয়েন্টশন প্রদান করা হয়।

প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,নির্বাহী পরিচালনক মনিরুজ্জামান, এ সময় আরও উপস্থিত ছিলেন, মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার ম্যানাজার মকবুল হোসেন, সুপারফাইজার জিল্লুর রহমান, আবদুল্লা আল মামুন, বিল্লাল হোসেন।

এ সময় উপকার ভোগীদের মধ্যে হরি বিশ্বাস, গয়েশ্বরী বাল্য, কনিকা নালা, সন্যাসী বিশ্বাস,শ্রী সুফল বিশ্বাস, শ্রীমতি বিসু বালা, অলোকা রানীর বাড়িতে বিনামূল্য একটি করে সেমি পাকা ল্যাটিন স্থাপন করেন। তারা সেমি পাকা ল্যাটিন পেয়ে মৌচাক সমাজ কল্যান সংস্থার সাধুবাদ জানিয়েছে

অনলাইন ভিত্তিক সংগঠন ঝিনেদার আঞ্চলিক ভাষা ফাউন্ডেশনে’র

মতবিনিময় সভা অনুষ্ঠিত

আঞ্চলিক ভাষা রক্ষার দৃঢ় প্রত্যয় নিয়ে আজ শনিবার সকালে ঝিনাইদহের অনলাইন ভিত্তিক জনপ্রিয় সংগঠন “ঝিনেদার আঞ্চলিক ভাষা ফাউন্ডেশন” এর এক সভা ও গ্রুপ ক্রিয়েটর আমেরিকা প্রবাসি তরিকুল ইসলাম মিঠুর সংর্বধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঝিনাইদহ জোহান ড্রিম ভ্যালি পার্কে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সিনিয়র সাংবাদিক আসিফ ইকবাল কাজল।

দুই দিন ব্যাপী এই সংর্বধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা ঝিনাইদহ চেম্বারের ভারপ্রাপ্ত সভাপতি ও বিশিষ্ট শিল্প উদ্যোক্তা জোহান ড্রিম ভ্যালির মালিক মোঃ মোয়াজ্জেম হোসেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সংগঠনের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম মিঠু, সাইফুল ইসলাম লিকু, মাসুদ রানা, ফিরোজা জামান আলো, মোরশেদ আলম, নাজমুল হাসান সবুজ, সাইদুল ইসলাম টিটো, মহাব্বত আলী, নিপা জামান, সুরভি ইসলাম, আশরাফুল ইসলাম, জাম্মিম সবুজ, কবি ও সাহিত্যিক এমদাদ শুভ্র, মেহেদী হাসান সুমন, শরিফুল ইসলাম, মেহেদী হাসান মেন্দি ও আনিছুর রহমান প্রমুখ। অনুষ্ঠানে পরিচালনা করেন আঞ্চলিক ভাষার গবেষক ও বিশিষ্ট ব্যাংকার এনামুল হক।

প্রধান অতিথির বক্তৃতায় ঝিনাইদহ চেম্বারের ভারপ্রাপ্ত সভাপতি মোঃ মোয়াজ্জেম হোসেন বলেন, জেলার আঞ্চলিক ভাষা আমাদের প্রাণ। শিশুকাল থেকে আমরা মায়ের ভাষা রপ্ত করে আঞ্চলিকতা প্রাধান্য দিয়ে আসছি। ঝিনেদার আঞ্চলিক ভাষা চার্চার মাধ্যমে এই ভাষাকে সমুন্নত রাখতে সংগঠনটি প্রধান ভুমিকা পালন করে যাচ্ছে। তিনি নিজ নিজ সন্তানদেরকে আঞ্চলিক ভাষা শেখানোর পাশাপাশি তাদের আদার ও শাসন করার তাগিদ দেন।

সংর্বধনার জবাবে গ্রুপ ক্রিয়েটর ও সংগঠনের সাধারণ সম্পাদক আমেরিকা প্রবাসি তরিকুল ইসলাম মিঠু বলেন, বিশ^ব্যাপী আঞ্চলিক ভাষা ছড়িয়ে দেওয়ার এক যুগ সন্ধিক্ষনে এই সংগঠনটির আত্মপ্রকাশ ঘটে। “ঝিনেদার আঞ্চলিক ভাষা ফাউন্ডেশন” এখন অনেক বড় একটি অনলাইন ভিক্তিক প্লাটফর্ম।

অনুষ্ঠানের সভাপতি সিনিয়র সাংবাদিক আসিফ ইকবাল কাজল বলেন,

ঝিনাইদহের ভাষা মিষ্টি ও মধুর। এই ভাষায় রয়েছে মাটির টান। আমরা জেলার আঞ্চলিকা ভাষা হারিয়ে যেতে দেব না। নিয়মিত নিজের সন্তানকে এই ভাষা শিখিয়ে আঞ্চলিকতাকে পুর্নতা দিতে বদ্ধপরিকর। অনুষ্ঠান শেষে অতিথিদের ক্রেষ্ট ও ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

মেহেরপুরে জাগো বাঙ্গালী ক্লাবের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে জাগো বাঙ্গালী ক্লাবের আয়োজনে পবিত্র ঈদুল-আযহা উপলক্ষে ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

গতকাল বুধবার (১৯ জুন) রাত সাড়ে ৯ টার দিকে শহরের ছহিউদ্দীন ডিগ্রি কলেজ মাঠ প্রাঙ্গনে এ পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জাগো বাঙ্গালী ক্লাবের সাধারণ সম্পাদক মোঃ রাকিব ও অন্যান্য সদস্যবৃন্দের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন জাগো বাঙ্গালী ক্লাবের সভাপতি তূর্য বিশ্বাস।

এছাড়াও এসময় জাগো বাঙ্গালী ক্লাবের সহ সভাপতি আব্দুস সালাম (কুমার), যুগ্ম সম্পাদক মোঃ আশরাফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মোঃ সুরুজ্জামান, দপ্তর সম্পাদক আহসান হাবীব মিলন, ক্রিয়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আহসান হাবীব আশিক সহ ক্লাবের অন্যান্য সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভিন্ন জেলা থেকে আগত শিল্পীবৃন্দ সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে দর্শকদের মন জয় করে।

মুজিবনগরের মোনাখালীতে মিডা কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

মুজিবনগরের মোনাখালীতে মেধার ভিত্তিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সুযোগ লাভ করা, এসএসসি ও এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।



মোনাখালী এডুকেশনাল ডেভেলপমেন্ট এ্যাসোসিয়েশন (মিডা) আয়োজিত এবং মিডা পাবলিক লাইব্রেরীর সার্বিক সহযোগিতায় আজ মঙ্গলবার (১৮ জুন) সকাল সাড়ে ১১ টার দিকে মোনাখালী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে গুণীদের সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সহ-সভাপতি মো: সালাউদ্দীন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সহকারী শিক্ষা অফিসার মেহেরপুর সদর মোঃ আসফুদ্দৌলা শামীম, মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান বি এম জাহিদ হাসান, মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ তকলিমা খাতুন ও মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ



মফিজুর রহমান ।

এছাড়াও সম্মানিত অতিথি হিসেবে মোনাখালী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহ-প্রতিষ্ঠাতা মাহবুবুর রহমান ডাবলু, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আনারুল ইসলাম, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোঃ সাদেক আলী, মুজিবনগর মহিলা বিষয়ক অফিসার মোঃ সেলিম রেজা মিঠু, রাজাপুর সরকার প্রাথমিক বিদ্যালয়ের (অবসরপ্রাপ্ত) প্রধান শিক্ষক মোঃ ফিরাতুল ইসলাম, পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিনা খাতুন, মিডা এর সাধারণ পরিষদের সদস্য শাহিনুর রহমান মানিকসহ বিভিন্ন স্কুলের শিক্ষার্থী ও অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

পরে মোনাখালী গ্রামের বিভিন্ন প্রতিষ্ঠানে অধ্যায়নরত ও উত্তীর্ণ শিক্ষার্থীদের ৫ টি ক্যাটাগরিতে ও বিশেষ সম্মাননাতে যা এ ক্যাটাগরিতে হিফজ সস্পন্নকারী ২ জন, বি ক্যাটাগরিতে এসএসসি জিপিএ-৫ প্রাপ্ত ১৭ জন, সি ক্যাটাগরিতে এইচএসসি জিপিএ-৫ প্রাপ্ত ৩ জন, ডি ক্যাটাগরিতে পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স পাওয়া ৫ জন, ই ক্যাটাগরিতে মিডা সেরা সংগঠক ১ জন, এফ ক্যাটাগরিতে বিশেষ সম্মাননা ২ জন ও জি ক্যাটাগরিতে বীর মুক্তিযোদ্ধা ৫ জনকে সম্মাননা প্রদান করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[

শিক্ষার্থীর অভিভাবকদের মতবিনিময় সভা

ঝিনাইদহে শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাবকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শিক্ষার গুণগত মান উন্নয়ন এর মাধ্যমে শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করা এবং মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত নিম্ন ও নিম্নবিত্ত পরিবারের শিক্ষার্থীদের বিদ্যালয়ে দেয়া পাঠ আয়ত্ব করতে সহায়তা করার লক্ষ্যে বেসরকারী উন্নয়ন সংস্থা ‘আশা’ কর্তৃক দেশব্যাপী ৬৪টি জেলায় ৬ষ্ঠ-৮ম শ্রেণীর পাঠদান কর্মসূচি পরিচালিত হয়ে আসছে। এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার আশা-নারিকেলবাড়িয়া ব্রাঞ্চের উদ্যোগে সদর উপজেলার নারিকেলবাড়িয়া জয়নাল আবেদীন মাধ্যমিক বিদ্যালয়ের আশার শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ারুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও ঘোড়শাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিলটন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আশার জেলার সিনিয়র ড্রিস্ট্রিক্ট ম্যানেজার মোঃ হাফিজুর রহমান, সিনিয়র রিজিওনাল ম্যানেজার মোঃ সাজ্জাদ হোসেন, এডুকেশন অফিসার মোঃ রকিবুল হাসান ও নারিকেলবাড়িয়া ব্রাঞ্চের বিএম কাইয়ুম হোসেনসহ বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দ।

উল্লেখ্য, যে আশা সংস্থা কর্তৃক ২০১১ সাল থেকে শিক্ষা কর্মসূচি চলমান রয়েছে। বর্তমানে শিশু-৮ম শ্রেণির আওতায় প্রায় ৫ লাখ শিক্ষার্থী শিখন সহায়তা পাচ্ছে। এর মধ্যে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীর আওতায় দেশের ৬৪টি জেলার ৬৪টি মাধ্যমিক বিদ্যালয়ের ১৯২টি শিক্ষা কেন্দ্রের প্রায় ৫ হাজার ৫’শ ৫৩ জন শিক্ষার্থীরা এই সহযোগিতা পেয়ে আসছে।

ঝিনাইদহে পিএমকে’র উদ্যোগে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান

ঝিনাইদহে যশোর জোনের পল্লী মঙ্গল কর্মসূচী (পিএমকে)’র উদ্যোগে বিনামূল্যে ৭’শ দরিদ্র ও অসহায় মানুষের প্রথমিক চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ বিতরণ করা হয়েছে।

আজ বুধবার (১৫মে) সকাল থেকে পিএমকে’র সদর শাখায় স্বাস্থ্য কার্যক্রম এর ধারাবাহিকতায় দরিদ্র ও অসহায় মানুষের বিনামূল্যে প্রথমিক চিকিৎসা, ঔষধ ও পাওয়ার চশমা বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পিএমকে’র যশোর জোনের উপ-পরিচালক ফিরোজ আল মামুন।

এছাড়াও প্রধান কার্যালয়ের প্রোগ্রাম ইনচার্জ ডাঃ মনিরুজ্জামান, গাইনী বিশেষজ্ঞ ডাঃ ফয়েজুন নেছা (রুনু), মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ মোঃ জাহিদ হোসেন, চক্ষু বিশেষজ্ঞ ডাঃ লিমন মিয়াসহ পিএমকে’র ঝিনাইদহ এরিয়া ম্যানেজার হারুনার রশিদ, সদর শাখা ব্যবস্থাপক মোঃ দেলশাদ আলী, যশোর জোনের আইটি অফিসার রোমান মিয়া, জোনাল একাউন্ট অফিসার সাইফুল ইসলামসহ শাখার সকল স্টাফগণ।

মেহেরপুরে জেলা রেড ক্রিসেন্ট ইউনিটের উদ্যোগে শরবত বিতরণ

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের উদ্যোগে তৃষ্ণার্ত সকল শ্রেণীর মানুষের মাঝে শরবত বিতরণের আয়োজন করা হয়।

রবিবার বেলা ১১:৩০ মিনিটের সময় বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের সাধারণ সম্পাদক এডভোকেট খন্দকার একরামুল হীরা মেহেরপুর জেলা পরিষদের সামনে শরবত বিতরণ কার্যক্রম উদ্বোধন

করেন ।

এসময় বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর জেলা ইউনিটের সদস্য খন্দকার শামসুজ্জোহা সোহাগের নেতৃত্বে বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর জেলা ইউনিটের সকল সদস্যরা উপস্থিত থেকে তৃষ্ণার্ত সকল শ্রেণীর মানুষের মাঝে শরবত বিতরণ কার্যক্রম সম্পন্ন করেন।